

APR. 07 2002

বুধবার

তারিখ ... ..  
পৃষ্ঠা ১৫ কলাম ৮

## কুষ্টিয়ায় মুক্তিপণ দাবিতে স্কুল ছাত্রসহ দু'জন অপহরণ

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ায় মুক্তিপণ দাবিতে সন্ত্রাসীরা এক স্কুলছাত্রসহ দু'জনকে অপহরণ করেছে। ঘটনাটি ঘটেছে গুজরার জেলার সদর

উপজেলার বাঘাইল গ্রামে।

এলাকাবাসী সূত্র জানায়, গুজরার সন্ধ্যায় সদর উপজেলার খোদ বাঘাইল গ্রাম থেকে একদল সশস্ত্র সন্ত্রাসী এনামুল হককে (২৪) অপহরণ করে নিয়ে যায়। এনামুল হক পেশায় একজন কৃষক। অপহরণের পর এনামুলের মুক্তির জন্য ১ লাখ টাকা মুক্তিপণ দাবি করেছে সন্ত্রাসীরা। একইদিন সকালে সদর উপজেলার বুজরুক বাঘাইল গ্রামের

অপহরণ : পৃষ্ঠা : ১৫ কলাম : ৮

অপহরণ : কুষ্টিয়া

(শেষ পৃষ্ঠার পর)

মফেজউদ্দিনের বাড়ি থেকে একদল সশস্ত্র সন্ত্রাসী তার ছেলে স্কুলছাত্র রকিবকে (১৫) অপহরণ করে নিয়ে যায়। রকিব উজান গ্রাম হাইস্কুলের দশম শ্রেণীর ছাত্র। অপহরণের পর রকিবের মুক্তির জন্য সন্ত্রাসীরা ১ লাখ টাকা মুক্তিপণ দাবি করেছে। গতকাল শনিবার সন্ধ্যা পর্যন্ত অপহৃতদের উদ্ধার করা সম্ভব হয়নি।